গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কয়রা, খুলনা।
www.koyra.khulna.gov.bd

## ১৪৩৩ বঙ্গাব্দে খেয়াঘাট/লঞ্চঘাট/ট্রলারঘাট/মৎস্যসেড ইজারা দরপত্র বিজ্ঞপ্তি(১ম থেকে ৪র্থ পর্ব)ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কয়রা উপজেলার নিম্নস্বাক্ষরকারী নিয়ন্ত্রনাধীন খেয়াঘাট/লঞ্চঘাট/ট্রলারঘাট/মৎস্যসেডসমূহ ১৪৩৩ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত অনধিক ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ১ম দফায় শুধুমাত্র "জন্মগত পেশাদার পাটনীগণের" নিকট থেকে এবং ২য় দফা হতে ৪র্থ দফায় সর্বসাধারণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্দিষ্ট ফরমে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের স্থানীয় সরকার শাখা হতে ক্রয় করা যাবে এবং উভয় কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নিম্নবর্নিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে। দরপত্র দাখিলের দিন বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় হবে না। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) দরপত্র দাখিলের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে।

| ক্রঃ নং | খেয়াঘাট/ লঞ্চঘাট/ ট্রলারঘাট/ মৎস্যসেড | ইউনিয়নের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১. | জায়গীরমহল ঘুগরাকাটি খেয়াঘাট | আমাদী | ৫,৩৬৩/- | ৪০০/- |
| ০২. | ভান্ডারপোল খেয়াঘাট | আমাদী | ৪১,৮৭৪/- | ৬০০/- |
| ০৩. | সুতির বাজার লঞ্চঘাট | মহারাজপুর | ২৬,৯৫০/- | ৬০০/- |
| ০৪. | মদিনাবাদ মৎস্য সেড | কয়রা | ৩৯,৬০০/- | ৬০০/- |
| ০৫. | গিলাবাড়ী খেয়াঘাট | মহেশ্বরীপুর | ৭,২৩,২৭২/- | ১,৫০০/- |
| ০৬. | বানিয়াখালী খেয়াঘাট | মহেশ্বরীপুর | ১,৩২,০০০/- | ১,০০০/- |
| ০৭. | সরদারঘাট লঞ্চঘাট | মহেশ্বরীপুর | ২৭,২৮০/- | ৬০০/- |
| ০৮. | গোলখালী মৎস্য সেড | দঃ বেদকাশী | ৩০,২৫০/- | ৬০০/- |
| ০৯. | আংটিহারা মৎস্য সেড | দঃ বেদকাশী | ১২,৬৫০/- | ৪০০/- |

| পর্ব | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ১৭/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ১৮/০২/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৮/০২/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। | শুধুমাত্র "জন্মগত পেশাদার পাটনীগণের" জন্য। |
| ২য় | ০২/০৩/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ০৩/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৩/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। | সর্বসাধারণের জন্য। |
| ৩য় | ২৯/০৩/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। | -ঐ- |
| ৪র্থ | ০৭/০৪/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। | -ঐ- |

## ১৪৩৩ বঙ্গাব্দের জন্য খেয়াঘাট/লঞ্চঘাট/ট্রলারঘাট/মৎস্যসেডসমূহের ইজারা শর্তাবলি ঃ

১। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত ছকে বর্ণিত খেয়াঘাট/লঞ্চঘাট/ট্রলারঘাট/মৎস্যসেড সমূহ বাংলা ১৪৩৩ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের সময়ের জন্য ইজারা প্রদান করা হবে।

২। দাখিলকৃত দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত ২৫% ভাগ অর্থ জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা এর অনুকুলে দাখিল করতে হবে। জামানত ছাড়া কোন দরপত্র বৈধ বলে গণ্য হবে না।

৩। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকের "হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভুত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০০৯" এর শর্ত মোতাবেক দরপত্র দাতা "জন্মগত পেশাদার পাটনী" হলে দরপত্র ফরম (সিডিউলের) সাথে "জন্মগত পেশাদার পাটনী" সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র (হালনাগাদ) সংযুক্ত, জাতীয় পরিচয়পত্র (এন. আই. ডি) ফটোকপি দাখিল করতে হবে।

৪। দরপত্র চূড়ান্ত অনুমোদনের পর সর্বোচ্চ দরদাতাকে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট সমূদয় অর্থ (৭৫%) অবশ্যই একসাথে পরিশোধসহ মোট ইজারামূল্যের উপর ১৫% (কোড নং-১-১১৩৩-০০০১-০৩১১) এবং ১০% আয়কর (কোড নং- ১-১১৪১-০০৫৫-০১১১) খাতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি এ কার্যালয়ে দাখিল করতে হবে এবং ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯১ অনুযায়ী ৩০০/- (তিনশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার অবশিষ্ট টাকা এবং ভ্যাট ও আয়কর জমাদান এবং চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে কারণ দর্শানো ব্যতিরেকে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে এবং যথাশীঘ্র উক্ত সায়রাত মহালটি ইজারা প্রদান করা হবে।

চলমান পাতা-২

CamScanner

৫। গৃহীত ইজারামূল্যের উপর অতিরিক্ত ১০% আয়কর, ১৫% ভ্যাট, প্রদান করতে হবে। ইজারাদারদের নিকট প্রাপ্য ৭৫% অর্থ প্রদানের সময় আয়কর বাবদ ১০% ও ভ্যাট বাবদ ১৫% অর্থ পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা মূল্যের সমুদয় অর্থসহ ভ্যাট ও আয়কর বাবদ প্রদেয় অর্থ জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট দরপত্র দাতার দরপত্রটি বাতিল পূর্বক জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় সংশ্লিষ্ট সায়রাত মহালটির ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬। জেলা প্রশাসক মহোদয় কর্তৃক প্রদত্ত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে।

৭। ইজারাদার কর্তৃক নিয়মিত ভাবে ঘাট ও মৎস্যসেড পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং অতিরিক্ত টোল আদায় করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৮। ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত ঘাট ও মৎস্য সেড অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। সাব-লীজদান প্রমানিত হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় সংশ্লিষ্ট সায়রাত মহালটি ইজারা প্রদান করা হবে।

৯। প্রতিটি ফেরীঘাটের উভয় পাড়ে মানুষ সহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের জন্য টোল আদায়ের হার (টোল চার্ট সম্বলিত বোর্ড) ইজারাদার কর্তৃক প্রকাশ্যে টাংগিয়ে রাখতে হবে।

১০। ইজারাদারের বিরুদ্ধে ফেরী পারাপারের অর্থ আদায় সংক্রান্তে কোন অভিযোগ পাওয়া গেলে এবং তার সত্যতা প্রমাণিত হলে ইজারাদারকে ইজারা মূল্যের এক দশমাংশ জরিমানা সহ সর্বোচ্চ হিসেবে তার ইজারা বাতিল করা হবে।

১১। দরপত্র দাখিলের পূর্বে দরপত্র দাতাকে সংশ্লিষ্ট খেয়াঘাট/লঞ্চঘাট/ট্রলারঘাট/মৎস্যসেড সমূহ সরেজমিন পরিদর্শন করে নিশ্চিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হবেনা।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/০১/২৬

মোঃ আব্দুল্লাহ আল বাকী
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
ফোন-০২৪৭৭৭৩১৩০৬
E-mail-unokoyra@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০৩.২৬- ৭৯

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। বিভাগীয় কমিশনার, খুলনা।
২। জেলা প্রশাসক, খুলনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) খুলনা।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা/ডুমুরিয়া/দাকোপ/বটিয়াঘাটা/ফুলতলা/দিঘলিয়া/তেরখাদা/রূপসা, খুলনা।
৬। সহকারী কমিশনার (ভূমি) কয়রা, খুলনা।
৭। উপজেলা ................................ অফিসার, কয়রা, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে রাখার জন্য অনুরোধ করা হলো।)
৮। চেয়ারম্যান, আমাদী/বাগালী/মহেশ্বরীপুর/মহারাজপুর/কয়রা/উঃ বেদকাশী/দঃ বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার এলাকার খেয়াঘাট/ লঞ্চঘাট/ মৎস্যসেড ও জনাকীর্ণ স্থান সমূহে ঢোল সহরতের মাধ্যমে/ মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, আমাদী/ মহেশ্বরীপুর/ মহিলাবাদ/ বেদকাশী ইউনিয়ন ভূমি অফিস, কয়রা, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার এলাকার খেয়াঘাট/ লঞ্চঘাট/ মৎস্যসেড/ ও জনাকীর্ণ স্থান সমূহে ঢোল সহরতের মাধ্যমে/ মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।)
১০। জনাব ............................................., সাং-............................ উপজেলা- কয়রা, জেলা- খুলনা। প্রাক্তন ইজারাদার/ডাককারী............................................. খেয়াঘাট/ লঞ্চঘাট/ ট্রলারঘাট/ মৎস্যসেড, কয়রা, খুলনা।
১১। নোটিশ বোর্ড/অফিস নথি।

২৯/০১/২৬

মোঃ আব্দুল্লাহ আল বাকী
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
ফোন-০২৪৭৭৭৩১৩০৬
E-mail-unokoyra@mopa.gov.bd

CamScanner